# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ২৮৬

১/ বিবিধ

আরবী

قد أتى آدم عليه السلام هذا البيت ألف آتية من الهند على رجليه لم يركب فيهن من ذلك ثلاث مئة حجة وسبع مئة عمرة، وأول حجة حجها آدم عليه السلام وهو واقف بعرفات أتاه جبريل عليه السلام فقال: السلام عليك يا آدم بر الله نسكك، أما إنا قد طفنا هذا البيت قبل أن تخلق بخمسة آلاف سنة

ضعيف جدا

رواه ابن بشران في " الأمالي " (160 / 2 ـ 161 / 1) من طريق العباس بن الفضل الأنصاري عن القاسم بن عبد الرحمن عن أبي جعفر عن أبيه عن أبي حازم عن ابن عباس مرفوعا

قلت: وهذا إسناد ضعيف جدا، العباس بن الفضل الأنصاري متروك واتهمه أبو زرعة كما في التقريب

والقاسم بن عبد الرحمن هو الأنصاري، قال ابن معين: ليس بشيء، وقال أبو زرعة: منكر الحديث، وقال أبو حاتم: ضعيف الحديث مضطرب الحديث، حدثنا عنه الأنصاري (يعني: محمد بن عبد الله) بحديثين باطلين: أحدهما وفاة آدم صلى الله عليه وسلم والآخر عن أبي حازم

كذا في " الجرح والتعديل " (3 / 2 / 113)

قلت: ولعل الحديث الباطل الآخر عن أبي حازم هو هذا والله أعلم

বাংলা

২৮৬। আদম (আঃ) পায়ে হেঁটে ইণ্ডিয়া হতে এক হাজার বার এ ঘরের নিকট এসেছিলেন। তবে কোন বাহনে আরোহণ করেননি। (এক হাজারের মধ্যে) তিন শতবার হাজ্জের (হজ্জ) উদ্দেশ্যে এবং সাত শতবার উমরার উদ্দেশ্যে। আদম (আঃ) প্রথম যে হাজ্জ (হজ্জ) করেন তখন আরাফার মাঠে দাঁড়িয়েছিলেন, এমতাবস্থায় জিবরীল (আঃ) আসলেন। অতঃপর বললেনঃ আস-সালামু আলাইকা হে আদম! আল্লাহ আপনার কুরবানী কবূল করুন। তবে আমরা এ ঘরকে আপনার সৃষ্টির পাঁচ হাজার বছর পূর্ব হতে তাওয়াফ করছি।

হাদীসটি নিতান্তই দুর্বল।

এটি ইবনু বিশরান "আল-আমলী" গ্রন্থে (২/১৬০-১/১৬১) আব্বাস ইবনু ফাযল আনসারী সূত্রে কাসিম ইবনু আব্দির রহমান হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এটির সনদ নিতান্তই দুর্বল। কারণ আব্বাস ইবনু ফাযল আনসারী মাতরূক। তাকে আবু যুর'য়াহ মিথ্যার দোষে দোষী করেছেন; যেরূপভাবে "আত-তাকরীব" গ্রন্থে এসেছে। এছাড়া কাসিম ইবনু আব্দির রহমান আনসারী সম্পর্কে ইবনু মাঈন বলেনঃ তিনি কিছুই না। আবু যুর'য়াহ বলেনঃ তিনি মুনকারুল হাদীস। আবু হাতিম বলেনঃ তিনি দুর্বল, মুযতারিবুল হাদীস। তার থেকে মুহাম্মাদ ইবনু আবদিল্লাহ দুটি বাতিল হাদীস বর্ণনা করেছেন।

দুটির একটি আদম (আঃ) এর মৃত্যু সম্পর্কে এবং দ্বিতীয়টি আবু হাযিম হতে এসেছে। এরূপই “আল-জারহু ওয়াত তা'দীল” গ্রন্থে (৩/২/১১৩) এসেছে।

আমি (আলবানী) বলছিঃ সম্ভবত দ্বিতীয় বাতিল হাদীসটি আবু হাযিম হতে এ আলোচ্য হাদীসটি।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5546

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন